বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

অপ্রধান শস্য কর্মসূচি

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

www.brdb.gov.bd

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৮.০০২.২৩.২৫

বিষয়: **অপ্রধান শস্য কর্মসূচি'র সদস্যদের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক এ ' নো ফ্রিল হিসাব' খোলা ও পরিচালনা করা সংক্রান্ত।**

সূত্র: বিকেবি/কেবিসি-৪১০১/প্রশা-৩(১৮)-বিআরডিবি/২০২৩-২০২৪/১৭৭৭; তারিখ: ০৬-০৫-২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'অপ্রধান শস্য কর্মসূচি' বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ হতে বিআরডিবি'র নিজস্ব কর্মসূচি হিসেবে বাস্তবায়িত হচ্ছে। বাস্তবায়নাধীন এ কর্মসূচি'র প্রধান কর্মঅঙ্গ হচ্ছে স্বল্প সুদে (মাত্র ৮%) সদস্যরদের মাঝে ঋণ বিতরণ করা, যা ডাল, তেল ও মশলা জাতীয় শস্য উৎপাদনে ব্যবহৃত হয়। কর্মসূচি'র এই ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত 'অপ্রধান শস্য কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা' এর অনুচ্ছেদ-১৭ এ সদস্যদেরকে স্ব-নামীয় ব্যাংক হিসেবে ঋণের টাকা বিতরণের জন্য নির্দেশনা সন্নিবেশিত রয়েছে। তদালোকে কিছু কিছু উপজেলার সদস্যদের স্ব-নামীয় ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয়তা দেখা দেয়। কিন্তু কর্মসূচি'র সদস্যদের জন্য স্ব-নামীয় ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে যে অর্থ ব্যয় হতো তা পল্লীর গরীব কৃষক সদস্যদের জন্য বেশ কষ্টসাধ্য ছিল। বিষয়টি কর্মসূচি সদরদপ্তরের নজরে আসার প্রেক্ষিতে কর্মসূচি সদরদপ্তর হতে বাংলাদেশ কৃষি ব্যাংক এ যোগাযোগ করা হলে বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরানবাজার কর্পোরেট শাখা' কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের অনুমতি সাপেক্ষে বিআরডিবি'র অপ্রধান শস্য কর্মসূচি'র সদস্যদের জন্য **'নো ফ্রিল হিসাব'** (যা ১০ টাকায় খোলা যাবে; তবে চেকবহি চার্জ প্রযোজ্য হবে) খোলার জন্য অনুরোধ জানিয়েছেন। ফলে বিআরডিবি'র অপ্রধান শস্য কর্মসূচি'র সদস্যগণ এখন হতে বাংলাদেশ কৃষি ব্যাক এর কর্মসূচি বাস্তবায়নাধীন এলাকার শাখায় **'নো ফ্রিল হিসাব'** খোলাসহ তা পরিচালনা করতে পারবেন।

এতদপ্রেক্ষিতে বিআরডিবি'র অপ্রধান শস্য কর্মসূচি পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে **নো ফ্রিল হিসাব** সংক্রান্ত বাংলাদেশ কৃষি ব্যাংক এর পত্রসমূহ (সংযুক্তি-১: নো ফ্রিল হিসাব খোলা সংক্রান্ত পত্র) সংযুক্তকরত: অবহিতপূর্বক তৎপরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরি।



০৮-০৫-২০২৪

মোঃ তাফজেল হোসেন

কর্মসূচি পরিচালক

০২৫৫০১১৭৪৯

pdmcpmp@brdb.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, উপজেলা:----------------------------(২৫৬); জেলা:--(সকল)।

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৮.০০২.২৩.২৫/১ (৪)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, জেলা:-----------------------------------(সকল);

২। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পত্রটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত) এবং

৪। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত]।

০৮-০৫-২০২৪
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) 'নো ফ্রিল হিসাব' খোলা সংক্রান্ত বিকেবি এর পত্রসমূহ।

বাংলাদেশ কৃষি ব্যাংক
BANGLADESH KRISHI BANK
গণমানুষের ব্যাংক
02 5501 1604 (DGM), 02 5815 0904
02 5501 2173 (AGM), 02 8189 669
কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা
Kawran Bazar Cor. Br, Dhaka
corpkawranbazar@krishibank.org.bd

সূত্র ঃ বিকেবি/কেবিসি-৪১০১/প্রশা-৩(১৮)-বিআরডিবি/২০২৩-২০২৪/১৭৭৭ তারিখ ঃ ০৬-০৫-২০২৪

মহাপরিচালক
বিআরডিবি
পল্লী ভবন,
কাওরান বাজার, ঢাকা।

বিষয় ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি)'র বাস্তবায়নাধীন " দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়) এবং "অপ্রধান শস্য কর্মসূচী " শীর্ষক প্রকল্পের আওতায় ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা প্রসঙ্গে।

সূত্র ঃ ১। বিআরডিবি'র স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০৭.২১.৭৫৪ তারিখঃ ০২-০৪-২০২৪ খ্রিঃ
২। বিআরডিবি'র স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৮১.০৫.০০৩.২৪.৫৬ তারিখঃ ২২-০৪-২০২৪ খ্রিঃ
৩। বিকেবি/কেবিসি-৪১০১/প্রশা-৩(১৮)-বিআরডিবি/২০২৩-২০২৪/১৬১২তারিখ ঃ ০২-০৪-২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি)'র আওতায় দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়) শীর্ষক প্রকল্প এবং গ্রামের গরিব ও প্রান্তিক কৃষকদের জন্য "অপ্রধান শস্য কর্মসূচী" শীর্ষক প্রকল্প সংক্রান্ত আপনাদের প্রস্তাবিত নিম্নোক্ত শর্তাবলি বিকেবি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছেঃ

২.১ বিআরডিবি এর 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়)' নামীয় প্রকল্পের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক এ "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" শিরোনামে উপখাত বরাদ্দ প্রদান করা।

২.২ বিআরডিবি এর "অপ্রধান শস্য কর্মসূচী " নামীয় প্রকল্পের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক এ "বিআরডিবি সদস্য সঞ্চয়ী হিসাব" শিরোনামে উপখাত বরাদ্দ প্রদান করা।

২.৩ "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" এ কিশোরীদের জমাকৃত সঞ্চয় এবং প্রদানকৃত সঞ্চয় প্রণোদনার অর্থ কিশোরীর বয়স ১৮ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত উক্ত হিসাব হতে কোন অর্থ উত্তোলনের সুযোগ না রাখা।

২.৪ ১৮ বছর পূর্ণ হওয়ার পর বাল্য বিবাহ না হওয়ার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন বা বিআরডিবির সংশ্লিষ্ট উপজেলা অফিস প্রধানের সম্মতি ব্যতীত সঞ্চয় ও প্রণোদনার অর্থ উত্তোলনের সুযোগ না রাখা।

২.৫ হিসাবের বিপরীতে কোনরূপ ব্যাংক চার্জ/ট্যাক্স কর্তন না করা।

২.৬ হিসাবে জমাকৃত অর্থের বিপরীতে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করতে হবে।

২.৭ ব্যাংক কর্তৃক নিয়মিত মাসিক/ত্রৈমাসিক /ষাণ্মাসিক/ বাৎসরিক সঞ্চয় জমা,প্রণোদনা ও লভ্যাংশ প্রদান সংক্রান্ত রিপোর্ট প্রদান করতে হবে।

২.৮ প্রকল্পের এ সংক্রান্ত সফটওয়্যারের সাথে ব্যাংকের সফটওয়্যার (CBS) এর ইন্টিগ্রেশনের সুযোগ রাখতে হবে।

এমতাবস্থায় , উপরিউক্ত প্রস্তাব বিকেবি কর্তৃক গৃহিত হওয়ায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি)'র বাস্তবায়নাধীন " দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" এবং "অপ্রধান শস্য কর্মসূচী " শীর্ষক প্রকল্পের আওতায় " বিআরডিবি সদস্য সঞ্চয়ী হিসাব" খুলে ব্যাংক বিধি মোতাবেক "নো ফ্রিল হিসাব" হিসেবে পরিচালনার অনুমোদনপত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের আন্তরিক সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

আপনার বিশ্বস্ত,

(আশীষ কুমার দাস)
উপ-মহাব্যবস্থাপক
০১৭১২-৯১৩৬৩৬

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোনঃ ০২ [illegible], ই-মেইলঃ [illegible]

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/বিবিধ/২০২৩-২০২৪/১৬৭৩ তারিখঃ ১৯ এপ্রিল ২০২৪

উপমহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
কাওরান বাজার কর্পোরেট শাখা
ঢাকা।

বিষয় ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়)" এবং "অপ্রধান শস্য কর্মসূচী" শীর্ষক প্রকল্পের আওতায় ব্যাংকে হিসাব খোলা ও পরিচালনা প্রসঙ্গে।

০১। শিরোনামে বর্ণিত বিষয়ে 'বিআরডিবি' কর্তৃক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর লিখিত ০২ এপ্রিল ২০২৪ তারিখের পত্র নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০৭.২১.৭৫৪ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ঢাকার ০৪ এপ্রিল ২০২৪ তারিখের পত্র নং বিকা(ঢাকা)/পরি-৮(৫)বিবিধ/২০২৩-২০২৪/৮১১৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত পত্র মূলে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়) শীর্ষক প্রকল্প" এবং গ্রামের গরিব ও প্রান্তিক কৃষকদের জন্য "অপ্রধান শস্য কর্মসূচী প্রকল্প নামে একটি ঋণ কার্যক্রম প্রকল্পের আওতায় নিম্নোক্ত শর্তসহ হিসাব খোলা ও পরিচালনার সুযোগ প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

২.১ বিআরডিবি এর 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়) নামীয় প্রকল্পের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক এ "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট " শিরোনামে উপখাত বরাদ্দ প্রদান করা;

২.২ বিআরডিবি এর "অপ্রধান শস্য কর্মসূচী" নামীয় প্রকল্পের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকে "বিআরডিবি সদস্য সঞ্চয়ী হিসাব "শিরোনামে উপখাত বরাদ্দ প্রদান করা;

২.২ 'বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট' এ কিশোরীদের জমাকৃত সঞ্চয় এবং প্রদানকৃত সঞ্চয় প্রণোদনার অর্থ কিশোরীর বয়স ১৮ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত উক্ত হিসাব হতে কোন অর্থ উত্তোলনের সুযোগ না রাখা;

২.৩ ১৮ বছর পূর্ণ হওয়ার পর বাল্য বিবাহ না হওয়ার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন বা বিআরডিবির সংশ্লিষ্ট উপজেলা অফিস প্রধানের সম্মতি ব্যতিত সঞ্চয় ও প্রনোদনার অর্থ উত্তোলনের সুযোগ না রাখা;

২.৪ হিসাবের বিপরীতে কোনরূপ ব্যাংক চার্জ/ট্যাক্স কর্তন না করা;

২.৫ হিসাবে জমাকৃত অর্থের বিপরীতে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করতে হবে;

২.৬ ব্যাংক কর্তৃক নিয়মিত মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক সঞ্চয় জমা, প্রণোদনা ও লভ্যাংশ প্রদান সংক্রান্ত রিপোর্ট প্রদান করতে হবে;

২.৭ প্রকল্পের এ সংক্রান্ত সফটওয়্যারের সাথে ব্যাংকের সফটওয়্যার (CBS)এর ইন্টিগ্রেশনের সুযোগ রাখতে হবে।

০৩। উপরোক্ত শর্তসমূহের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকে বিদ্যমান স্টুডেন্ট সেভিংস হিসাব সংক্রান্ত নীতিমালা ও নিয়মাচার এর আওতায় "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" এবং কৃষক সঞ্চয়ী হিসাব সংক্রান্ত নীতিমালা ও নিয়মাচার এর আওতায় "বিআরডিবি সদস্য সঞ্চয়ী হিসাব" খুলে ব্যাংক বিধি মোতাবেক "নো ফ্রিল হিসাব" হিসেবে পরিচালনা করার বিষয়ে কর্তৃপক্ষীয় অনুমোদন গ্রহণ করা হয়েছে।

০৪। পত্রে উল্লিখিত উপ-অনুচ্ছেদ ২.৫ এ বর্ণিত শর্ত মোতাবেক-হিসাবে জমাকৃত অর্থের বিপরীতে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করা হলে সরকারী বিধি মোতাবেক ট্যাক্স কর্তন যোগ্য হবে এবং উপ-অনুচ্ছেদ ২.৭ এ বর্ণিত শর্ত-প্রকল্পের এ সংক্রান্ত সফটওয়্যারের সাথে ব্যাংকের সফটওয়্যার (CBS)এর ইন্টিগ্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আইসিটি সিস্টেম বিভাগকে পরামর্শ প্রদান করা হয়েছে।

০৫। বিষয়টি অবহিত করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০১ (এক)

আপনার বিশ্বস্ত

১৯.০৪.২৪

(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

CamScanner

বাংলাদেশ কৃষি ব্যাংক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৭৪০২৫
৯৫৬০০৩১-৩৫/২২৫০
ইমেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং - প্রকা শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৯-২০২০/৫৭০(১২৫০) তারিখ : ২৩.১০.২০১৯

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
০৩। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : **ব্যাংকে হিসাব পরিচালনায় কতিপয় দিক নির্দেশনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ০৩.১০.২০১৯ তারিখের পত্র নং ৪৭. ৬২.০০০০. ৯৮১. ০২. ০১৫. ১৯. ২৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **"দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী "** শীর্ষক প্রকল্পের আওতায় দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচন ও অপ্রধান শস্য আমদানি নির্ভরতা কমানো এবং দেশকে অপ্রধান শস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে আর্থিক লেনদেনের নিমিত্ত অত্র ব্যাংকে হিসাব পরিচালনার উদ্যোগ গ্রহন করেছে।

০৩। আলোচ্য প্রকল্পের আওতায় প্রকল্পের নামে হিসাব খোলাসহ প্রকল্পের সুবিধাভোগী দরিদ্র কৃষক জনগোষ্ঠীর নামে ব্যাংক বিধি মোতাবেক **"নো ফ্রিল হিসাব"** এর মাধ্যমে সঞ্চয়ী হিসাব খুলে সংযুক্ত পত্রের "ক্রমিক ১,২ ও ৪"এর চাহিদা পূরণের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে কাঙ্খিত সেবা প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৪। সংযুক্ত পত্রের কাঙ্খিত নির্দেশনা "ক্রমিক ৩ "এর চাহিদা মোতাবেক হিসাব খাত হতে আয়কর, আবগারী শুল্ক, ভ্যাট কর্তন না করার সিদ্ধান্তের বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের এখতিয়ারাধীন। বিআরডিবি কর্তৃপক্ষ **"দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী"** শীর্ষক প্রকল্পের নামে খোলা মূল হিসাব হতে আয়কর, আবগারী শুল্ক, ভ্যাট কর্তন না করার পক্ষে নির্দেশনা সংগ্রহ করে অত্র ব্যাংকে দাখিল করার পর কর্তন বন্ধ সংক্রান্ত নির্দেশনা জারী করা হবে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **"দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী"** শীর্ষক প্রকল্পের আর্থিক লেনদেন সংক্রান্ত সকল কর্মকান্ডে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

২৩/১০/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং - প্রকা শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৯-২০২০/৫৭০(১২৫০) তারিখ : ২৩.১০.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাপরিচালক,বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫ কাওরান বাজার,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। - ***উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক